

# বিজ্ঞানের প্রসারে চুক্তি স্বাক্ষরিত

নিজস্ব সংবাদদাতা

## পুরুলিয়া

বিজ্ঞানের ভাবনার আদান প্রদান এবং বিজ্ঞানের প্রসারের লক্ষ্যে পুরুলিয়া জেলা বিজ্ঞান কেন্দ্রের সঙ্গে 'মউ' চুক্তি স্বাক্ষর করল ছড়ার লালপুর মহাশ্বা গাঁধী কলেজ। ছিলেন মহাশ্বা গাঁধী কলেজের অধ্যক্ষ শান্তি কুণ্ডু, জেলা বিজ্ঞান কেন্দ্রের আধিকারিক প্রবজ্যোতি চট্টোপাধ্যায়-সহ কলেজের বিজ্ঞানের শিক্ষকেরা।

জেলা বিজ্ঞান কেন্দ্রের আধিকারিক প্রবজ্যোতি চট্টোপাধ্যায় বলেন, "প্রত্যন্ত এলাকার পড়ুয়াদের

বিজ্ঞান সম্পর্কে ভীতি কাটাতে এবং বিজ্ঞানের মজাকে ছাত্রছাত্রীদের কাছে তুলে ধরতে বিজ্ঞান কেন্দ্র কাজ করে যাচ্ছে। সে উদ্দেশ্যেই মহাশ্বা গাঁধী কলেজের সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।" কলেজের তরফে অসিত রায় জানান, ক্লাসঘরে যা পড়ানো হয়, পড়ুয়ারা বিজ্ঞান কেন্দ্রে গিয়ে সেই সব বিষয় চাঞ্চুয করতে পারবেন। আগামী দিনে এই কলেজেও বিজ্ঞান কেন্দ্র উন্নত টেলিকোম্পের মাধ্যমে মহাকাশ দর্শনের ব্যবস্থা করবে। বিভিন্ন বিষয়ে আলোচনাসভা, কর্মশালা, বিজ্ঞান বিষয়ক ভাবনার আদান প্রদান পড়ুয়াদের বিজ্ঞান সম্পর্কে আরও আগ্রহী করবে।